

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৩৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য বৈধ আছে তাহাজ্জুদ পড়ার অভ্যাসের উপর ভিত্তি করে বিতর সালাত প্রথম রাতে বা শেষ রাতে আদায় করা

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُوتِرَ مِنْ أَوَّلِ اللَّيْلِ أَوْ آخِرِهِ عَلَى حَسَبِ عَادَتِهِ فِي تهجُّدِ الليل

আরবী

2438 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الأعلى بن حماد قال: حدثنا وهيب عن بُرْد أَبِي الْعَلَاءِ عَنْ عُبَادَةَ بْنِ نُسَيِّ عَنْ غُضَيْفِ بْنِ الْحَارِثِ قَالَ: قُلْتُ لِعَائِشَةَ: عَنْ غُضَيْفِ بْنِ الْحَارِثِ قَالَ: قُلْتُ لِعَائِشَةَ: أَرَأَيْتِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا أُمَّ الْمُؤْمِنِينَ أَكَانَ يُوتِرُ مِنْ أَوَّلِ اللَّيْلِ أَوْ مِنْ آخِرِهِ؟ قَالَتْ: رُبَّمَا أَوْتَرَ مِنْ أَوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا أَوْتَرَ مِنْ آخِرِهِ قُلْتُ: اللَّهُ أَكْبَرُ الْحَمْدُ لِلَّهِ اللَّهِ عَلَى فِي الْأَمْرِ سَعَةً قُلْتُ: يَا أُمَّ الْمُؤْمِنِينَ أَرَأَيْت رسول الله صلى الله عليه وسلم الذي جَعَلَ فِي الْأَمْرِ سَعَةً قُلْتُ: يَا أُمَّ الْمُؤْمِنِينَ أَرَأَيْت رسول الله صلى الله عليه وسلم كان يَغْتَسِلُ مِنَ الْجَنَابَةِ مِنْ أَوَّلِ اللَّيْلِ أَوْ مِنْ آخِرِهِ؟ قَالَتْ: رُبَّمَا اغْتَسَلَ مِنْ أَوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا الْمُؤْمِنِينَ أَرَأَيْت رسول الله صلى الله عليه وسلم كان يَغْتَسِلُ مِنْ الْجَنَابَةِ مِنْ أَوَّلِ اللَّيْلِ أَوْ مِنْ آخِرِهِ؟ قَالَتْ: رُبَّمَا اغْتَسَلَ مِنْ أَوَّلِ اللَّيْلِ أَوْ مِنْ آخِرِهِ؟ قَالَتْ: رُبَّمَا اغْتَسَلَ مِنْ أَوْلِ اللَّيْلِ أَوْ مِنْ آخِرِهِ؟ قَالَتْ: رُبَّمَا اغْتَسَلَ مِنْ أَوْلِ اللَّيْلِ أَوْ مِنْ آخِرِهِ؟ قَالَتْ: ربَّمَا اغْتَسَلَ مِنْ أَوْلِ اللَّيْلِ مَنْ أَكُبُرُ الْحَمْدُ لِلّهِ الَّذِي جَعَلَ فِي الْأَمْرِ سَعَةً قُلْتُ: يَا أُمَّ لِلهَ الّذِي جَعَلَ فِي الْأَمْرِ سَعَةً قُلْتُ: يَا أَمُ مُنْ الْمَوسُلَةِ وَرُبَّمَا خَافَتَ بِهَا قُلْتُ: اللَّهُ أَكْبُرُ الْحَمْدُ لله الذي جعل في الأمر سعة.

الراوي: غُضَيْف بْن الْحَارِثِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2438 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (223): ق، الفعل الأول منه.

বাংলা

২৪৩৮. গুদাইফ বিন হারিস থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করলাম, "হে মুমিনদের জননী, আপনি কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছেন, তিনি রাতের প্রথম অংশে না



শেষ অংশে বিতর সালাত আদায় করতেন?" জবাবে তিনি বলেন, "তিনি কখনো রাতের প্রথম অংশে আবার কখনো শেষ অংশে বিতর সালাত আদায় করতেন।" রাবী বলেন, "আমি বললাম, আল্লাহু আকবার, সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি বিষয়টিতে প্রশস্ততা রেখেছেন।"

আমি পুণরায় জিজ্ঞেস করলাম, "হে মুমিনদের জননী, আপনি কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছেন, তিনি রাতের প্রথম অংশে না শেষ অংশে নাপাকির গোসল করতেন?" জবাবে তিনি বলেন, "তিনি কখনো রাতের প্রথম অংশে আবার কখনো শেষ অংশে গোসল করতেন।" রাবী বলেন, "আমি বললাম, আল্লাহু আকবার, সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি বিষয়টিতে প্রশস্ততা রেখেছেন।"

আমি আবারো জিজ্ঞেস করলাম, "হে মুমিনদের জননী, আপনি কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছেন, তিনি কি সালাতের কিরা'আত নিরবে পড়তেন নাকি সরবে পড়তেন?" জবাবে তিনি বলেন, "তিনি কখনো সরবে আবার কখনো নিরবে পড়তেন।" রাবী বলেন, "আমি বললাম, আল্লাহু আকবার, সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি বিষয়টিতে প্রশস্ততা রেখেছেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৪৭; আবূ দাঊদ: ২২৬; নাসাঈ: ১/১২৫; সহীহ মুসলিম: ৩০৭; সহীহ ইবনু খুযাইমাহ: ১০৮১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ গুযয়ফ ইবনুল হারিস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন